গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
প্লানিং অ্যান্ড ডেভেলপমেন্ট সেল (উন্নয়ন শাখা)
পরিসংখ্যান ভবন, ৭ম তলা
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bbs.gov.bd

নং-৫২.০১.০০০০.১০৩.০৬.০২০.০৬ (অংশ-০২)- ২০৪

তারিখ: ২০/১১/১৪২৪ ব.
০৪/০৬/২০১৮ খ্রি.

বিষয়: জানুয়ারি ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

তারিখ	:	২৭/০২/১৮ খ্রি.
সময়	:	সকাল ১০:৩০ টা
স্থান	:	বিবিএস সম্মেলন কক্ষ
সভাপতি	:	মো: আমীর হোসেন, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বিবিএস
উপস্থিতি	:	পরিশিষ্ট - 'ক'

০২। সভাপতি মহোদয় উপস্থিত কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে অত্র সেলের পরিসংখ্যান কর্মকর্তা জনাব মোঃ আজগর আলী বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন আপত্তি না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। অত:পর সভায় আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্র: নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(০১)	বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ		সভাপতির নির্দেশে সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।	
(০২)	মাসিক সমন্বয় সভায় যথাসময়ে উপস্থিতি প্রসঙ্গে	যথাসময়ে উপস্থিতির বিষয়ে সভায় মহাপরিচালক মহোদয় বলেন, যৌক্তিক কারণ ছাড়া সভায় অনুপস্থিতি মোটেই সমীচীন নয়; সভায় বিলম্বে উপস্থিতির কারণ অবশ্যই যথাযথ কর্তৃপক্ষকে আগেই জানাতে হবে।	সভায় অনুপস্থিতি ও বিলম্বে উপস্থিতির প্রবণতা পরিহার করতে হবে।	পরিচালক (সকল)
(০৩)	অনিষ্পন্ন বিষয় সংক্রান্ত	অনিষ্পন্ন বিষয়ে প্রশ্নের অবতারণায় মহাপরিচালক মহোদয় বলেন নথিজাত মানে হচ্ছে সংশ্লিষ্ট নথিতে বর্তমানে কার্যক্রম নেই, তবে ভবিষ্যতে এর কার্যক্রম হতে পারেনথিজাতকে নিষ্পত্তি হিসাবে দেখাতে হবে। ৪র্থ কলামে "মোট অনিষ্পন্নের সংখ্যা" এর স্থলে "মোট প্রাপ্তি সংখ্যা" হবে। পরিচালক (প্রশাসন)এফএ অ্যান্ড এমআইএস নতুন কলাম নং ৫ এ "অনিষ্পন্নের সংখ্যা" হবে এ মর্মে প্রস্তাব পেশ করেন।	৪র্থ কলামে "মোট অনিষ্পন্নের সংখ্যা" এর স্থলে "মোট প্রাপ্তি সংখ্যা" লিখতে হবে এবং নতুন কলাম নং "৫" এ "অনিষ্পন্নের সংখ্যা" লিখতে হবে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (সকল)
(০৪)	অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত	অডিট আপত্তির বিয়য়ে মহাপরিচালক মহোদয় বলেন, অডিট আপত্তির কারণ অবশ্যই ব্যাখ্যা দিতে হবে। নিষ্পত্তি ও পেন্ডিং সংখ্যা লিখতে হবে। উপ-পরিচালক, এফএ অ্যান্ড এমআইএস বলেন, গত মাসে মোট অডিট আপত্তির সংখ্যা ছিল ৪৬ টি এবং নিষ্পত্তি করা হয়েছে ২টি।	অডিট আপত্তির কারণ চিহ্নিত করতে হবে। অডিট আপত্তি ও নিষ্পত্তির সংখ্যা প্রদান করতে হবে। এ বিষয়ে দ্বি-পাক্ষিক সভা আহ্বান করতে হবে।	পরিচালক (অর্থ) এফ এ অ্যান্ড এম আইএস
(০৫)	কোর্টে চলমান মামলা সম্পর্কিত বিষয়	সহকারী কার্টোগ্রাফার জনাব সাইফুল ইসলামের মামলা সম্পর্কে মহাপরিচালক মহোদয় বলেন, যেহেতু সে আদালত কর্তৃক দোষী সাব্যস্ত হয়নি সেহেতু তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রত্যাহার করে তাকে চাকুরী করার সুযোগ দিতে হবে। কোর্টে চলমান মামলার	সকল মামলা দ্রুত নিষ্পত্তি করার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।	যুগ্ম-পরিচালক এফএ অ্যান্ড এমআইএস ও কনটাক্ট পয়েন্ট অফিসার

ক্র: নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		বিষয়ে বিবিএস এর CPO বলেন সেন্সাস উইং এর ডিইও দবির উদ্দিন এর উত্তরাধিকার সংক্রান্ত মামলায় জালিয়াতির আশ্রয় নেয়া হয়েছে। আইন মন্ত্রণালয়ে মতামতের জন্য এটি প্রেরণ করা হয়েছে।		আইন সেল
(০৬)	সমাপ্ত প্রকল্পের গাড়ী রাজস্ব খাতে স্থানান্তর প্রসংগে	সমাপ্ত প্রকল্পের গাড়ী রাজস্ব খাতে স্থানান্তর প্রসঙ্গে পরিচালক (প্রশাসন) এফএ অ্যান্ড এমআইএস বলেন, রাজস্ব খাতে কেবল ৫টি গাড়ী রয়েছে। সমাপ্ত প্রকল্পের গাড়ীগুলোর কাগজপত্র সঠিকভাবে সংরক্ষণ করা হয়নি। মোটামুটি সচল গাড়ীগুলোর নতুন কাগজপত্র তৈরি করতে হবে। এ প্রসঙ্গে উপ-মহাপরিচালক মহোদয় বলেন, যে গাড়ীগুলো অচল সেগুলোর কোন কাগজপত্র দরকার নাই। প্রয়োজনে সেগুলোর তালিকা করে নিলাম করে দিতে হবে।	পুরাতন অচল গাড়ীগুলোর তালিকা করতে হবে। নিলামের জন্য প্রয়োজনীয় কাগজপত্র তৈরি করতে হবে। সচল গাড়ীগুলোর জন্য নতুন কাগজপত্র তৈরি করতে হবে।	উপপরিচালক (সমন্বয়) এফএ অ্যান্ড এমআইএস
(০৭)	উপজেলা পর্যায়ে পরিসংখ্যান কর্মকর্তার ২৬৭ টি ১ম শ্রেণির ক্যাডার পদ সৃজন	উপজেলা পর্যায়ে পরিসংখ্যান কর্মকর্তার ২৬৭ টি ১ম শ্রেণির ক্যাডার পদ সৃজন বিষয়ে "ক্যাডার" এর স্থলে "নন-ক্যাডার" পদ হিসেবে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ থেকে অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।	দ্রুততম সময়ে কাজটি সমাধান করতে হবে।	সংশ্লিষ্ট কমিটি
(০৮)	বিবিএস এর অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত	বিবিএস এর ২য় অর্গানোগ্রামের পূর্ণাঙ্গ প্রস্তাব ১৯/১১/১৭ খ্রি: তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। উক্ত প্রস্তাবের প্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয় ২১/১২/১৭ খ্রি: তারিখে পদ সৃজনের বিষয়ে এ মন্ত্রণালয়ের নির্ধারিত 'চেকলিস্ট' অনুযায়ী স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের নিমিত্ত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগকে পত্র পাঠানো হয়। উক্ত পত্র প্রাপ্তির পর পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ হতে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে ০৮/০১/২০১৭ খ্রি: তারিখে পত্রের মাধ্যমে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের অনুরোধ করা হয়। বর্ণিত অনুরোধের পরিপ্রেক্ষিতে নির্ধারিত 'চেকলিস্ট' অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। পরিচালক(প্রশাসন) এফএ এন্ড এমআইএস বলেন, দিবতীয় পর্যায়ের অর্গানোগ্রাম সংশোধনের কাজ চলছে।	এক সপ্তাহের মধ্যে প্রণয়ন কাজ সম্পন্ন হবে।	সংশ্লিষ্ট কমিটি
(০৯)	বিবিএস এর জনবল নিয়োগ	বিবিএসের শূন্য পদে জনবল নিয়োগ বিষয়ে মহাপরিচালক মহোদয় বলেন, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে আলাদাভাবে ছাড়পত্র আনতে হবে।	শূন্য পদে লোকনিয়োগের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় হতে আলাদা ছাড়পত্র আনতে হবে।	মহাপরিচালক বিবিএস
(১০)	বিভাগ ও জেলা কার্যালয়ের নিজস্ব ভবন স্থাপন	বিভাগ ও জেলা পরিসংখ্যান কার্যালয়ের নিজস্ব ভবন স্থাপন বিষয়টি অত্যন্ত জরুরী। বিভাগ ও জেলা অফিসগুলো হতে ভুমি অধিগ্রহণ ও জমির মূল্য সংক্রান্ত প্রয়োজনীয় জবাব প্রাপ্তির পর পদক্ষেপ গ্রহণ করতে হবে।	এখন থেকে বিষয়টি জনাব মো: আবুল কালাম আজাদ পরিচালক,ন্যাশনাল একাউন্টিং উইং এর পরিবর্তে পরিচালক (প্রশাসন) এফএ এন্ড এমআইএস দেখবেন।	পরিচালক (প্রশাসন) এফএ এন্ড এমআইএস

ক্র: নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(১১)	ক) শুদ্ধাচার সংক্রান্ত প্রতিবেদন খ)উদ্ভাবনী কর্মপরিকল্পনা সংক্রান্ত তথ্য	যথাসময়ে অফিসে আগমন ও ত্যাগ এবং সদা পরিষ্কার পরিচ্ছন্নতা অবলম্বনও শুদ্ধাচারের একটি কৌশল হিসেবে অভ্যাস অনুশীলন করা প্রত্যেকের কর্তব্য বলে উপ মহাপরিচালক মহোদয় সভাকে অবহিত করেন । পরিচালক প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেল বলেন, গত ১৮/০২/২০১৮খ্রি: তারিখে নৈতিকতা কমিটির উদ্যোগে শুদ্ধাচার কৌশল বিষয়ক একটি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণে ৫০ জন কর্মকর্তা অংশ গ্রহণ করেন। বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা' -২০১৮ এর বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সরবরাহকৃত 'ছক', ফাইলের মাধ্যমে মহাপরিচালক মহোদয়ের নিকট হতে অনুমোদন নিতে হবে। তিনি আরও বলেন, উদ্ভাবনী কর্মপরিকল্পনা বার্ষিক Action plan অনুযায়ী কাজ চলছে। তিনি আরও বলেন বিভাগ ও জেলা পর্যায়ে এ ব্যাপারে কেউ উদ্যোগ গ্রহণ করলে তা কর্তৃপক্ষকে অবহিত করার জন্য বলা হয়েছে। এখন পর্যন্ত কেউ কোন উদ্যোগ গ্রহণ করেননি। তবে যুগ্ম-পরিচালক,বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, বরিশাল জনাব মুহাম্মদ মিজানুর রহমান হাওলাদার এ ব্যাপারে তারমত করে একটি উদ্ভাবনী আইডিয়ার কথা জানিয়েছেন।	শুদ্ধাচার ও উদ্ভাবনী বিষয়ক কার্যক্রম কর্মপরিকল্পনা অনুযায়ী অব্যাহত রাখতে হবে।	পরিচালক প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেল
(১২)	ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত	উপ-মহাপরিচালক মহোদয় ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে অধিকতর যত্নবান ও সতর্ক সহকারে এ কাজ করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান করেন। তিনি ই-ফাইলিং এর উপর রিফ্রেশার ট্রেনিংকার্যক্রম অব্যাহত রাখার কথাও বলেন। পরিচালক প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেল ও কম্পিউটার উইং বলেন, ডিসেম্বর/২০১৭ এর তুলনায় জানুয়ারি/২০১৮ মাসে ই-ফাইলিং এর ব্যবহারে অনেক অগ্রগতি সাধিত হয়েছে। এর বর্তমান অবস্থান ২১তম।	ই-ফাইলিং এর উপর রিফ্রেশার ট্রেনিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	পরিচালক কম্পিউটার উইং
(১৩)	উপজেলা পরিসংখ্যান অফিসসমূহে ফিক্সড্ টেলিফোন সংযোগ স্থাপন	অধিকাংশ উপজেলায় ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নের জন্য এখনও প্রযুক্তিগত পর্যাপ্ত অবকাঠামো গড়ে উঠেনি। সেক্ষেত্রে টেলিফোন সংযোগও জরুরী। ২০০ টি উপজেলা পরিসংখ্যান অফিসে টেলিফোন সংযোগ রয়েছে। অবশিষ্ট অফিসসমূহে ফিক্সড্ টেলিফোন সংযোগ স্থাপন বিষয়ে পরিচালক কম্পিউটার উইং জনাব ঘোষ সুব্রত সভায় প্রস্তাব পেশ করেন। বিষয়টি চমৎকার ও মর্যাদাপূর্ণ বলে উপমহাপরিচালক তাঁর অভিমত ব্যক্ত করেন।	যে সমস্ত উপজেলা পরিসংখ্যান অফিসে টেলিফোন সংযোগ নেই সে সমস্ত উপজেলায় টেলিফোন সংযোগ ও সেটের ব্যবস্থা করতে হবে।	পরিচালক (প্রশাসন) এফএ এন্ড এমআইএস
(১৪)	ইন্টারনেট ব্যবস্থা, জিও কোড, ওয়েব পোর্টাল সংক্রান্ত	পরিচালক ,সেন্সাস উইং বলেন, ইন্টারনেটের গতি প্রত্যাশা অনুযায়ী তেমন দ্রুত নয়। এ ব্যাপারে পরিচালক, কম্পিউটার উইং বলেন, পরিসংখ্যান ভবনের ইন্টারনেটের গতি বৃদ্ধির কার্যক্রম অব্যাহত আছে। বর্তমান ইন্টারনেট গতি ১০০ Mbps করা হয়েছে এবং অপটিক্যাল ডাটা আর্কাইভ এন্ড নেটওয়ার্কিং (ODAN) প্রকল্প থেকে ৩০ Mbps একটি Redundant সংযোগ রাখা হয়েছে। বর্তমানে সব	পরিসংখ্যান ভবনে ইন্টারনেটের গতি বৃদ্ধির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	পরিচালক কম্পিউটার উইং

ক্র: নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		সময় ৬০ Mbps থাকে। তথ্য প্রাপ্তি সাপেক্ষে ওয়েব পোর্টাল হালনাগাদ করা হয়।		
(১৫)	পরিসংখ্যান পকেট বুক ২০১৭, পরিসংখ্যান বর্ষগ্রন্থ ২০১৭, মাসিক পরিসংখ্যান বুলেটিন প্রকাশ সংক্রান্ত।	যথাসময়ে পরিসংখ্যান পকেট বুক ২০১৭ এবং পরিসংখ্যান বর্ষগ্রন্থ ২০১৭ প্রকাশ করতে হবে। পরিসংখ্যান পকেট বুক ২০১৭ data Entry এর কাজ চলছে। পরিসংখ্যান বর্ষগ্রন্থ ২০১৭ তথ্য সংগ্রহের কাজ চলছে।	যথাসময়ে পরিসংখ্যান পকেট বুক ২০১৭ এবং পরিসংখ্যান বর্ষগ্রন্থ ২০১৭ প্রকাশ করতে হবে।	পরিচালক ন্যাশনাল একাউন্টিং উইং
(১৬)	বিবিধ (I) পরিসংখ্যান ভবন এবং মাঠ পর্যায়ের কার্যক্রম তদারকী প্রসঙ্গে (II) ভবনের নিরাপত্তা, রক্ষণাবেক্ষণ ও বিবিধ সংক্রান্ত	মহাপরিচালক মহোদয় পরিসংখ্যান ভবনের সৌন্দর্য বর্ধন বিষয়ে রঙ করণ কাজ বর্ষা মৌসুমের আগেই যাতে সম্পন্ন করা যায় তার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য গুরুত্ব আরোপ করেন। বাংলাদেশ আগামী ২২ মার্চ ২০১৮ তে LDC থেকে Development কান্ট্রিতে উত্তোরণ ঘটবে। সে হিসেবে সারা দেশে সেদিন জেলা ও উপজেলা পর্যায়ে র্যালি শোভাযাত্রা ও অন্যান্য কর্মসূচি সম্পাদনের জন্য প্রস্তুতির বিষয়ে উপ-মহাপরিচালক মহোদয় আলোকপাত করেন। ভবনের নিরাপত্তা ও রক্ষণাবেক্ষণ প্রসঙ্গে পরিচালক (প্রশাসন) এফএ অ্যান্ড এমআইএস বলেন, সরকারি ছুটির দিনগুলোতে অফিসে কাজ করতে হলে সংশ্লিষ্ট কাজে নিয়োজিত কর্মচারীর বিবরণ সম্বলিত আইডেন্টিটি পরিচালক (প্রশাসন) এফএ অ্যান্ড এমআইএস বরাবর পেশ করা। এতে অনাকাঙ্খিত দুর্ঘটনা রোধ করা সম্ভব হবে। ক্যাডার ও নন ক্যাডার নির্বিশেষে শূন্য পদসমূহে যথা পরিচালক , যুগ্ম পরিচালক, উপ পরিচালক ও অন্যান্য পদসমূহে দ্রুত পদোন্নতির বিষয়ে আলোকপাত করেন উপ পরিচালক জনাব মহিউদ্দিন আহমেদ ও জনাব মোঃ হেফজুর রহমান।	ক) ভবন রঙ করণের কমিটি আবার নতুন করে গঠন করতে হবে। খ) ভবনের নিরাপত্তা ও রক্ষণাবেক্ষণের জন্য সরকারি ছুটির দিনগুলোতে অফিসে কাজ করতে হলে সংশ্লিষ্ট কাজে নিয়োজিত কর্মচারীর পূর্ণাঙ্গ আইডেন্টিটি পরিচালক (প্রশাসন) এফএ অ্যান্ড এমআইএস এর দপ্তরে জমা দিতে হবে। গ) ক্যাডার ও নন ক্যাডার পদসমূহের বিভিন্ন ধাপে পদোন্নতির জন্য জরুরী ব্যবস্থা নেওয়া। ঘ) কৃষি শুমারি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য বিভিন্ন উইং এর অর্ডারকৃত কর্মকর্তা/কর্মচারীকে দ্রুত ছাড়পত্র দিতে হবে।	পরিচালক (প্রশাসন) এফএ এন্ড এমআইএস

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮/০৩/১৮

মোঃ আমীর হোসেন
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন: ৯১১২৫৮৯
e-mail:dg@bbs.gov.bd